

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
প্রশাসন-১৩ শাখা  
[www.mohpw.gov.bd](http://www.mohpw.gov.bd)




নম্বরঃ ২৫.০০.০০০০.০১৬.২৬.০৩৮.২১. ১৩৬

তারিখঃ ১ মাঘ ১৪২৮  
২০ জানুয়ারি ২০২২

বিষয়ঃ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন ১ম কোর্ট অব সেটেলমেন্টের অকেজো ঘোষিত গাড়ি (কার নং ঢাকা মেট্রো-ভ-৮৯০৬) নিলামে বিক্রয় বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশ।

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন ১ম কোর্ট অব সেটেলমেন্টের অকেজো ঘোষিত গাড়ি (কার নং ঢাকা মেট্রো-ভ-৮৯০৬) নিলামে বিক্রয় বিজ্ঞপ্তি আগামী ২০ জানুয়ারি ২০২২ তারিখ তাঁর বহল প্রচারিত পত্রিকায় ৩ কলাম (৫ইঞ্চি x ৭ইঞ্চি) সর্বনিম্ন পরিসরে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। পরবর্তিতে বিলসহ প্রকাশিত বিজ্ঞাপনের ৫(পাঁচ) কপি এ মন্ত্রণালয়ে প্রেরণের জন্যও অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

  
(অভিজিৎ রায়)  
উপসচিব (প্রশাসন-১৩)  
ফোন- ৯৫১২২৩১

১। সম্পাদক

দৈনিক জনকণ্ঠ

(দূ:আ: ম্যানেজার বিজ্ঞাপন শাখা)

জনকণ্ঠ ভবন, ২৪/এ নিউ ইস্কাটন রোড, ঢাকা।

২। সম্পাদক

কালের কণ্ঠ

(দূ:আ: ম্যানেজার বিজ্ঞাপন শাখা)

৩৭১/এ, ব্লক ডি, বসুন্ধরা/আএ, বারিধারা, ঢাকা-১২১৯।

৩। সম্পাদক

ডেইলি অবজারভার

(দূ:আ: ম্যানেজার বিজ্ঞাপন শাখা)

৯৩, মতিঝিল আজিজ ভবন, ঢাকা-১০০০।

নম্বরঃ ২৫.০০.০০০০.০১৬.২৬.০৩৮.২১. ১৩৭

তারিখঃ ১ মাঘ ১৪২৮  
২০ জানুয়ারি ২০২২


বিতরণ (সদয় জ্ঞাতার্থে):

১। রেজিস্ট্রার ১ম কোর্ট অব সেটেলমেন্ট, সেগুনবাগিচা, ঢাকা।

২। সিস্টেম এনালিস্ট, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

২। অতিরিক্ত সচিব(প্রশাসন-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৩। অফিস কপি/মাস্টার ফাইল।


  
(অভিজিৎ রায়)  
উপসচিব (প্রশাসন-১৩)

## অকেজো গাড়ি বিক্রয় বিজ্ঞপ্তি

এতদ্বারা জানানো যাচ্ছে যে, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন ১ম কোর্ট অব সেটেলমেন্টের অকেজো ঘোষিত গাড়ি (কার নং ঢাকা মেট্রো-ড-৮৯০৬) যে স্থানে যে অবস্থায়, আছে তা নিলামে বিক্রয় করার জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিক আগ্রহী ক্রেতাদের নিকট হতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। উপসচিব (প্রশাসন-৩) এর অনুকূলে যে কোনো তফসিলি ব্যাংক থেকে ২০০/- (দুইশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট(অফেরতযোগ্য) জমা করে পত্রিকায় প্রকাশের তারিখ হতে আগামী ০১-০২-২০২২ ইং তারিখ রোজ মঙ্গলবার বিকাল ৫ ঘটিকা পর্যন্ত অফিস চলাকালীন উপসচিব (প্রশাসন-৩) এর অধীন শাখা-১৩ এর রুম নং-১১০ হতে অকেজো ঘোষিত গাড়ি বিক্রয়ের শর্তাবলী সম্বলিত সিডিউল সংগ্রহ করা যাবে। দরপত্র দাখিলের দিন কোন সিডিউল বিক্রি করা হবে না। সিডিউল ক্রয় ব্যতীত কোনো দরপত্র গ্রহণযোগ্য হবে না। গাড়িটি সরেজমিনে দেখার জন্য অফিস চলাকালীন সময় ১ম কোর্ট অব সেটেলমেন্টের চেয়ারম্যানের পিএ জনাব মোঃ জামিল এর সাথে (মোবাইল নং- ০১৭১৬-০৬৯৮১২) যোগাযোগ করা যেতে পারে। দরপত্র দাখিলের জন্য দরপত্র বাস্তব উপসচিব (প্রশাসন-৩), ভবন নং-৫, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অফিসে রক্ষিত থাকবে। আগ্রহী দরদাতাগণ আগামী ০২-০২-২০২২ তারিখ রোজ বুধবার বেলা ১২ ঘটিকা পর্যন্ত দরপত্র বক্সে দাখিল করতে পারবেন। উক্ত তারিখে উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) বেলা ৩.০০ ঘটিকায় দরপত্রসমূহ খোলা হবে।

### শর্তাবলীঃ

- ১। প্রত্যেক দরদাতাকে উদ্ধৃত টাকার ১০% এর সমপরিমাণ টাকা উপসচিব (প্রশাসন-৩) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অনুকূলে জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট/পে অর্ডারের আকারে দরপত্রের সঙ্গে দাখিল করতে হবে।
- ২। দরপত্র গৃহীত হলে বিক্রয়কৃত অর্থের অবশিষ্ট টাকা পরবর্তী ১৫ দিনের মধ্যে পরিশোধ করতে হবে অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ৩। নির্ধারিত মূল্যের চেয়ে দর কম হলে দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ৪। দরপত্র গ্রহণ এবং বাতিলের বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সর্বময় ক্ষমতা সংরক্ষণ করেন।

  
(অভিজিৎ রায়)

উপসচিব (প্রশাসন-৩)  
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।